মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং ঃ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩. (এমপিও) ১৭- ৭৫৭ তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ সাময়িক বরখাস্ত হতে মানবিক কারণে অব্যহতি প্রাপ্ত অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা,গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop paymen) চালু ও বকেয়া বেতন-ভাতা প্রাপ্তি সংক্রান্তে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন বিষয়ে মহোদয়ের নির্দেশনা কামনা প্রসঙ্গে।**

সূত্র (১) অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর আবেদন তারিখ:২০.০৬.২০১৭ খ্রিঃ।
(২) পূবাইল রহমানিয়া আলিম মাদরাসার সভাপতি কর্তৃক জারিকৃত অধ্যক্ষকে বরখাস্ত সংক্রান্ত আদেশপত্র তারিখ: ১৮.০৯.২০১৫ খ্রিঃ।
(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/২৩০বি/২০০০৬/১৪৪৮/৬ তারিখ:০১.০৩.২০১৫ খ্রিঃ।
(৪) অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক সভাপতি বরাবর প্রতিমন্ত্রীর সুপারিশকৃত আবেদন তারিখ:০৫.০৪.২০১৭খ্রিঃ।
(৫) অধ্যক্ষের পুনর্বহাল সংক্রান্ত গভর্নিং বডির রেজুলেশন তারিখ:১০.০৫.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক ১ নং স্মরক মূলে স্থগিতকৃত বেতন-ভাতা (stop paymen) চালু ও বকেয়া বেতন-ভাতা প্রাপ্তি সংক্রান্তে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. অধ্যক্ষ (পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা) কর্তৃক দাখিলকৃত আবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, ২নং সূত্রের মাধ্যমে ১৮.০৯.২০১৪ তারিখে সভাপতি, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক জারিকৃত আদেশ বলে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা-কে সুনির্দিষ্ট ০৬ (ছয়) টি অভিযোগের ভিত্তিতে সাময়িক বরখাস্ত করা হয় (কপি সংযুক্ত)।

০৩. অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র যাচাইয়ে আরো দেখা যায় যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ একই মাদরাসার অপর দু'জন শিক্ষকের সহযোগিতায় উক্ত মাদরাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব কামরুন নাহারকে জাল-জালিয়াতির মাধ্যমে নিয়োগ ও এমপিওভূক্তকরণ বিষয়ে সহযোগিতার দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় সূত্রোস্থ ৩নং স্মারক পত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর বেতন-ভাতাদি বন্ধের আদেশ (মার্চ, ২০১৫ খ্রিঃ এমপিও কপিতে stop payment করার জন্য) জারী করা হয় করা হয় যা আজোবধি (মাউশি কর্তৃক জারীকৃত stop payment এর আদেশ প্রত্যাহার না হওয়ায়) বহাল আছে (কপি সংযুক্ত)।

০৪. অধ্যক্ষের সাময়িক বরখাস্তের আদেশ বহাল থাকা অবস্থায় অধ্যক্ষ (পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা) কর্তৃক সভাপতি (উক্ত মাদরাসার জিবি) বরাবর অধ্যক্ষ পদে পুনর্বহালের জন্য সূত্রোস্থ ৪নং স্মারক মূলে একটি আবেদন দাখিল করা হয়।

০৫.এখানে উল্লেখ্য যে, অধ্যক্ষের উক্ত আবেদনটি মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি,এম.পি (গাজীপুর-০৫), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অধ্যক্ষের আবেদনের উপর **"মানবিক কারণে আবেদন বিবেচনার জন্য সুপারিশ করছি"**- মর্মে উল্লেখে উক্ত আবেদনটি(সাময়িক বরখাস্ত প্রত্যাহার সংক্রান্ত) সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)।

০৬. মাননীয় প্রতিমন্ত্রীর সুপারিশের পরিপ্রেক্ষিতে গত ১০.০৫.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বর্ণিত মাদরাসায় গভর্নিং বডির সভায় গভর্নিং বডির সকল সদস্যের সম্মতিক্রমে সূত্রোস্থ ৫নং স্মারক মূলে **অধ্যক্ষ, (পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা) কে মানবিক কারণে সাময়িক বরখাস্ত হতে অব্যহতি প্রদানপূর্বক স্বপদে (অধ্যক্ষ পদে) পুনঃ বহাল করার সিদ্ধান্ত গৃহীত হয়** (কপি সংযুক্ত)।

০৭. জিবি এর সিদ্ধান্তে আলোকে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা সাময়িক বরখাস্ত হতে অব্যহতি পেয়ে স্বপদে যোগদান করে দায়িত্ব পালনরত থাকা অবস্থায় তিনি (অধ্যক্ষ) তাঁর স্থগিত বেতন-ভাতা (stop paymen) চালুসহ তাঁর বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির জন্য ১ নং স্মরক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন।

০৮. এখানে বিবেচ্য বিষয় হলো-

ক.উক্ত অধ্যক্ষ এর বিরুদ্ধে মাউশি কর্তৃক উত্থাপিত অভিযোগের দায় হতে আজোবধি খালাশ পাননি অর্থাৎ নির্দোষ (Honourably Acquitted) প্রমানিত হয়ে দায় মুক্ত হননি।

খ. সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারের সময় সাময়িক বরখাস্তকালীন চাকুরীকে কর্মকাল হিসেবে বিবেচনা করা হয়নি।

গ.শুধুমাত্র মানবিক কারন উল্লেখক্রমে জিবি কর্তৃক সাময়িক বরখাস্তের আদেশ (তাও আবার মাননীয় প্রতিমন্ত্রীর সুপারিশের আলোকে) প্রত্যাহার হয়েছে।

০৯. যেহেতু stop paymen চালুসহ বকেয়া বেতন-ভাতা (সাময়িক বরখাস্তকালীন) প্রদানের ক্ষেত্রে মহোদয়ের অনুমোদন প্রয়োজন হয় এবং যেহেতু আলোচ্য ক্ষেত্রে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর সাময়িক বরখাস্তে আদেশ প্রত্যাহারক্রমে স্বপদে বহাল মানবিক কারণে {যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্দোষ (Honourably Acquitted) প্রমাণিত হওয়ার ভিত্তিতে নয়} হয়েছে, অধিকন্তু সাময়িক বরখাস্তের সময়টি কর্মকালীন হিসেবে ঘোষিত হয়নি সেহেতু তাঁর (অধ্যক্ষ) স্থগিত বেতন-ভাতা চালুসহ বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত আবেদনটি নিস্পত্তির নিমিত্ত মহোদয়ের নির্দেশনা প্রয়োজন।

১০. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়গুলো বিবেচনায় এনে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর স্থগিত বেতন-ভাতা চালুসহ বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত তাঁর আবেদনটি (এবং অনুরূপ তথা Similar issue) **নিষ্পত্তির লক্ষ্যে** নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এ দপ্তর কর্তৃক চাহিত প্রয়োজনীয় কাগজপত্র দাখিলে বিলম্ব ঘটায় নির্দেশনাকামনামূলক পত্র প্রেরণে কিছুটা বিলম্ব ঘটেছে।

সংযুক্তি : বর্ণনা মতে মোট ০৯ (নয়) ফর্দ।

০৯.১০.১৭

(মোঃ বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৪৯৩৫৭০৫৯
ই-মেইল-dgdmeb@gmail.com

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
০১.মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
০৪. অফিস কপি।

''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং ঃ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০৩৫.১৭- ৭৫৫ তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ আরামনগর কামিল মাদরাসা, সরিসাবাড়ি এর 'নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটার'' পদে নিয়োগের নিমিত্ত মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত আবেদনের সাথে চাহিত কাগজ-পত্র না থাকায় প্রয়োজনীয় তথ্য ও কাগজ-পত্র মাদরাসা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র (১) বিষয়ঃআরামনগর কামিল মাদরাসার স্মারক নং- আকামা -২০৯ তারিখ:১৭.০৭.২০১৭ খ্রিঃ।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২)এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪) তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ (১) নং স্মারক মূলে বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক তাঁর মাদরাসায় 'নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটার'' পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা আধিদপ্ত এর প্রতিনিধি চেয়ে একখানা আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. নিয়োগ সংক্রান্ত অধ্যক্ষ (আরামনগর কামিল মাদরাসা) কর্তৃক দাখিলকৃত আবেদন পর্যালোচনা ও যাচাইপূর্বক দেখা যায় যে, বিধি মোতাবেক নিয়োগের জন্য প্রয়োজনীয় কোন তথ্য ও কাগজ-পত্র আবেদনের সাথে সংযুক্ত করা হয়নি।

০৩. এর প্রেক্ষিতে সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদরাসা) কর্তৃক গত ০৮.০৮.২০১৭ খ্রিঃ তারিখে আবেদনে মুদ্রিত টেলিফোনযোগে বিষয়টি (নিয়োগের জন্য প্রয়োজনীয় কোন তথ্য ও কাগজ-পত্র) মাদরাসা কর্তৃপক্ষকে জানানোর জন্য বার বার চেষ্টা করা হয় কিন্তু টেলিফোনে কোন উত্তর (response) পাওয়া যায় না বিধায় আবেদনটি অনিসম্পন্ন অবস্থায় রয়েছে।

০৪. যেহেতু প্রয়োজনীয় কোন তথ্য ও কাগজ-পত্র না থাকায় অধ্যক্ষ, আরামনগর কামিল মাদরাসা কর্তৃক দাখিলকৃত নিয়োগ সংক্রান্ত আবেদনটি নিস্পন্ন করা যাচ্ছে না সেহেতু বর্ণিত মাদরাসায় 'নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটার'' পদে নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ও কাগজ-পত্র দরকার।

০৫. এমতাবস্থায় প্রয়োজনীয় তথ্য ও কাগজ-পত্র আগামি ১৯.১০২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

09.10.17

মোঃ আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
আরামনগর কামিল মাদরাসা, ডাক; ও উপজেলা-সরিসাবাড়ি, জামালপুর ।

অনুলিপিঃ
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৫. অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১০).১৭- ৭৫৮ তারিখ: ০৯.১০.২০১৭ খ্রি:।

বিষয়: বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসার স্মারক নং-ব,এ,উ,ফা,মা/জিবি/নবা/বিদ্যোৎ/২০১৭/৫২(৩) তারিখ: ০৭.০৯.২০১৭ খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব মোহাম্মদ আয়ূব নূরী বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডারের একজন কর্মকতা এবং সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম এর ইসলামী শিক্ষা বিভাগের একজন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান মর্মে বর্ণিত মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারিভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করার অভিজ্ঞতার আলোকে এবং তাঁর অধ্যাপনার বিষয় ইসলাম শিক্ষা যা মাদরাসার সহায়ক সেক্ষেত্রে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোহাম্মদ আয়ূব নূরী) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মোহাম্মদ আয়ূব নূরী) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোহাম্মদ আয়ূব নূরী, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ইসলামী শিক্ষা বিভাগ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

09.10.17

মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসা, ডাক: বড়হাতিয়া, উপজেলা: লোহাগড়া, জেলা: চট্টগ্রাম।

অনুলিপি:
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৩. অধ্যক্ষ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।
৪.সভাপতি, বড়হাতিয়া এশাআ'তুল উ'লূম ফাজিল মাদরাসা, ডাক: বড়হাতিয়া, উপজেলা: লোহাগড়া, জেলা: চট্টগ্রাম।
৫. জনাব মোহাম্মদ আয়ূব নূরী, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ইসলামী শিক্ষা বিভাগ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।
৬. অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(০৫).১৭-৭৫৪ তারিখ: ০৯.১০.২০১৭ খ্রি:।

বিষয়: চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসার স্মারক নং-চাফামা/বি.প্র./২০১৭/২৭ তারিখ: ২৪.০৯.২০১৭ খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব মো: রুহুল আমীন মজুমদার নবম শ্রেণি পাশ একজন ব্যক্তি। তিনি মাদরাসায় মাঝে মধ্যে আর্থিক সহায়তা করেন, মাদরাসাটির শিক্ষার মান উন্নয়ন বিষয়ে শিক্ষকদের সাথে বিভিন্ন সময় মতবিনিময় করেন ও সু-পরামর্শ দিয়ে থাকেন মর্মে বর্ণিত মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় (জনাব মো: রুহুল আমীন মজুমদার) বর্ণিত মাদরাসার বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: রুহুল আমীন মজুমদার) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

(গ) আরো উল্লেখ্য যে, (ড. মহীউদ্দীন খান আলমগীর এম.পি) বাংলাদেশ জাতীয় সংসদ এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: রুহুল আমীন মজুমদার,পিতা: মরহুম আ: ছাত্তার মজুমদার, গ্রাম: চাপাতলী, ডাক: রহিমানগর, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

০৯.১০.১৭

মো: অফিাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসা, ডাক: রহিমানগর, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।

অনুলিপি:
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৩.সভাপতি, চাপাতলী লতিফিয়া ফাজিল মাদরাসা, ডাক: রহিমানগর, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।
৪. জনাব মো: রুহুল আমীন মজুমদার,পিতা: মহুম আ: ছাত্তার মজুমদার, গ্রাম: চাপাতলী, ডাক: রহিমানগর, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর
৫. অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(৩০).১৭- ৭৫৬ তারিখ: ০৯.১০.২০১৭ খ্রি:।

বিষয়: বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসার স্মারক নং-বাসোইফামা/কমি/ফাঃ-৬৩ তারিখ: ১০.০৯.২০১৭ খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব মো: নজরুল ইসলাম বিএ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি ২০১৬ সালে মাদরাসার মাহফিলে ১০,০০০/- (দশ হাজার) টাকা দান করেন, বিভিন্ন সময় প্রতিষ্ঠানের নির্মাণ কাজে আর্থিক সহযোগিতা করে থাকেন, প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির ব্যাপক ভাবে সহযোগিতা করে থাকেন এবং তিনি নিয়মিত শিক্ষার্থীদের লেখাপড়ার খোঁজ-খবর নিয়ে থাকেন মর্মে বর্ণিত মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় তিনি (জনাব মো: নজরুল ইসলাম) বর্ণিত মাদরাসার বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: নজরুল ইসলাম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: নজরুল ইসলাম, পিতা: মরহুম-আব্দুল মালেক, গ্রাম: জগন্নাথপুর ডাক: বাঞ্ছারামপুর, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

09.10.17
মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাক: বাঞ্ছারামপুর, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি:
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৩.সভাপতি, বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাক: বাঞ্ছারামপুর, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
৪. জনাব মো: নজরুল ইসলাম,পিতা: মরহুম-আব্দুল মালেক,গ্রাম: জগন্নাথপুর ডাক: বাঞ্ছারামপুর, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
৫. অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১১).১৭- ৭৫২ তারিখ: ০৯.১০.২০১৭ খ্রিঃ।
বিষয়: পানান ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।
সূত্র: (১) পানান ইসলামিয়া ফাযিল মাদরাসার স্মারক নং- পা.ই.ফা.মা./গভনিং বডি-০৯(৮৫) ১৭ তারিখ: ১৪.০৯.২০১৭ খ্রিঃ।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, পানান ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ব্যক্তি জনাব মোঃ আবুল হাসেম স্নাতক ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি মাদরাসার উন্নয়ন মূলক কাজে সহযোগিতা করে থাকেন, প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের খেলাধূলার জন্য বিভিন্ন উপকরণ ক্রয় করে দেন এবং প্রতিষ্ঠানে শিক্ষামূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছেন মর্মে বর্ণিত মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় তিনি (জনাব মোঃ আবুল হাসেম) বর্ণিত মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মোঃ আবুল হাসেম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, পানান ইসলামিয়া ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোঃ আবুল হাসেম, পিতা: মরহুম- ছমেদ আলী মুন্সি, গ্রামঃ ফানুর, ডাকঃ জাটিয়া, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

09.10.17
মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
পানান ইসলামিয়া ফাযিল মাদরাসা, ডাকঃ কুমারুলী, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ।

অনুলিপি:
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৩.সভাপতি, পানান ইসলামিয়া ফাযিল মাদরাসা, ডাকঃ কুমারুলী, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ।
৪. জনাব মোঃ আবুল হাসেম, পিতা: মরহুম- ছমেদ আলী মুন্সি, গ্রামঃ ফানুর, ডাকঃ জাটিয়া, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ।
৫. অফিস কপি।